

💵 সহীহ হাদিসে কুদসি

হাদিস নাম্বারঃ ৬৭ ১/ বিবিধ হাদিসসমূহ পরিচ্ছেদঃ জান্নাত ও জাহান্নামীদের বর্ণনা

আরবী

60 عَنْ عِيَاضِ بْنِ حِمَارِ الْمُجَاشِعِيّ ـ رَضِيَ اللَّهُ عَنْهُ ـ ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ ذَاتَ يَوْمِ فِي خُطْبَتِهِ: ﴿ أَلَا إِنَّ رَبِّي أَمَرَنِي أَنْ أُعَلِّمَكُمْ مَا جَهِلْتُمْ مِمَّا عَلَمْنِي يَوْمِي هَذَا: كُلُّ مَالٍ نَحَلْتُهُ عَبْدًا حَلَالٌ، وَإِنِّي خَلَقْتُ عِبَادِي حُنْفَاءَ كُلُّهُمْ، وَإِنَّهُمْ أَنْ عَلَيْهِمْ الشَّيَاطِينُ فَاجْتَالَتُهُمْ عَنْ دِينِهِمْ، وَحَرَّمَتْ عَلَيْهِمْ مَا أَحْلَلْتُ لَهُمْ، وَأَمْرَتُهُمْ أَنْ يُشْرِكُوا بِي مَا لَمْ أُنْزِلْ بِهِ سُلُطَانًا، وَإِنَّ اللَّهَ نَظَرَ إِلَى أَهْلِ الْأَرْضِ فَمَقْتَهُمْ عَرَبَهُمْ وَيَعَمْهُمْ إِلَّا بَقَايَا مِنْ أَهْلِ الْكَتَاب، وَقَالَ: إِنَّمَا بَعَتْتُكَ لِأَبْتَلِيكَ وَأَبْتِلِي بِكَ، وَأَنْزَلْتُ عَلَيْكَ وَعَجْمَهُمْ إِلَّا بَقَايَا مِنْ أَهْلِ الْكَتَاب، وَقَالَ: إِنَّمَا بَعْتُلْكَ لِأَبْتَلِيكَ وَأَبْتِلِي بِكِ، وَأَنْزَلْتُ عَلَيْكَ وَعَمْهُمُ إِلَّا بَقَيْل وَهُو مُؤَمُّ نَائِمًا وَيَقْظَانَ، وَإِنَّ اللَّهَ أَمَرَنِي أَنْ أُحَرِّقَ قُرُيْشًا, فَقُلْتُ وَكَالَا لَا يَعْسُلُهُ الْمَاءُ تَقْرَفُهُ نَائِمًا وَيَقْظَانَ، وَإِنَّ اللَّهَ أَمْرَنِي أَنْ أُحْرِقَ قُرُيْشًا, فَقُلْتُ وَكَالِتَهِ وَعَلَى اللَّهَ أَمْرَنِي أَنْ أُولَى أَنْ أُمْرَفِي أَنْ أُمْرَقِيقُ الْقَلْتُ وَلَا لَيْعَدْ عَلَى اللَّهُ أَمْرَنِي أَنْ أُمْرَفِي أَنْ أُولُونَ أَوْلُولُ وَلَيْعُونَ أَعْلُولُ وَلَا مَالًا بِمَنْ أَطُولُ وَلَالْ النَّارِ خَمْسَةٌ : الضَعْفِقُ فَي وَالْمَاءُ وَمُولُولُ مَلْهُمُ لُعُولُ وَلَا مُلْكَ وَلَا لَمْرَبُولُ النَّارِ خَمْسَةٌ: الضَعْفِقُ لَوْلُ النَّارِ خَمْسَةٌ: الضَعْفِقُ لَهُ النَّذِي لَا لَمْ الْوَلُولُ وَلَا مَالًا وَلُولُ وَلَا الْمَاذِي كُلُولُ وَالْكُ وَلَا لَلْكُولُ الْكَذِبُ وَالشِلْكُ وَلَا لَكُولُ مَلْكُ وَلَا مُلْكَ وَلَا الْمُولِ وَلَا لُكُونُ الْكُذِبُ وَ وَالْشُولُولُ وَلَا الْمُولُ وَلَا الْكَوْرِ وَلَا الْكَذِبُ وَ وَالْشُولُ وَلَا الْمُولُولُ وَلَا الْمُولُولُ وَلَا الْمَلْكُ وَلَا الْمُولُ وَلَا الْمُولُولُ وَلَا الْمُؤْمُ وَلُولُولُ وَلَا الْمُولُولُ وَلَا الْمُولُولُ وَلَوْ الْمُرْسُلُولُ وَلُولُ الْمُؤْمُ وَالْمُولُ وَلَا الْمُولُولُ وَلَا الْمُولُ وَلَا الْمُؤْمُ اللّهُ

বাংলা

৬৭. ইয়াদ ইবনু হিমার আল-মুজাশি থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামএকদা তার খুতবায় বলেছেন: "জেন রেখ আমার রব আমাকে নির্দেশ দিয়েছেন যে, আমি তোমাদেরকে শিক্ষা দেই যা তোমরা জান না, যা তিনি আজকের এ দিনে আমাকে শিক্ষা দিয়েছেন: আমি আমার বান্দাকে যে সম্পদ দিয়েছি তা হালাল। নিশ্য় আমি আমার সকল বান্দাকে সৃষ্টি করেছি শিক্ মুক্ত-একনিষ্ঠ, অতঃপর তাদের নিকট শয়তান এসে



তাদেরকে তাদের দ্বীন থেকে বিচ্যুত করেছে। তাদের ওপর সে হারাম করেছে যা আমি তাদের জন্য হালাল করেছি। সে তাদেরকে নির্দেশ করেছে যেন আমার সাথে শরীক করে, যার সপক্ষে কোন দলিল নাযিল করা হয়নি। নিশ্চয়় আল্লাহ জমিনে বাসকারীদের প্রতি দৃষ্টি দিয়েছেন অতঃপর তাদের আরব অনারব সবাইর প্রতি তাঁর ক্রোধ আসে, অবশিষ্ট কতক কিতাবি[1] ব্যতীত। তিনি আরও বলেন: তোমাকে প্রেরণ করেছি তোমাকে পরীক্ষা করব ও তোমার দ্বারা তাদের পরীক্ষা করব এ জন্য। আমি তোমার ওপর এক কিতাব নাযিল করেছি, যা পানি ধুয়ে কেলবে না, ঘুমন্ত ও জাগ্রত সর্বাবস্থায় তুমি তা তিলাওয়াত করবে। আর নিশ্চয়় আল্লাহ আমাকে নির্দেশ দিয়েছেন যেন আমি কুরাইশদের জ্বালিয়ে দেই। আমি বললাম: হে আমার রব তাহলে তো তারা আমার মাথা থেঁতলে দিবে, অতঃপর রুটি বানিয়ে ছাড়বে। তিনি বললেন: তাদেরকে বের কর যেমন তারা তোমাকে বের করেছে, তাদের সাথে যুদ্ধ কর আমি তোমার সাথে যুদ্ধ করব, খরচ কর নিশ্চয়় আমরা তোমার ওপর খরচ করব। তুমি বাহিনী প্রেরণ কর, আমি তার সমান পাঁচগুণ প্রেরণ করব। যারা তোমার আনুগত্য করেছে তাদের নিয়ে যুদ্ধ কর তাদের সাথে যারা তোমার অবাধ্য হয়েছে।

তিনি বলেন: জান্নাতিরা তিন প্রকার: (ক). ন্যায়পরায়ণ, সদকাকারী ও তাওফিকপ্রাপ্ত বাদশাহ। (খ). সকল আত্মীয় ও মুসলিমের জন্য দয়াশীল ও নরম হৃদয়ের অধিকারী ব্যক্তি। (গ). অধিক সন্তান-সন্তুতিসম্পন্ন সৎ ও পবিত্র ব্যক্তি। তিনি বলেন: জাহান্নামীরা পাঁচ প্রকার: (ক). দুর্বল, যার বিচারিক বিবেক নেই, যারা তোমাদের মধ্যে অনুসারী, যারা সন্তান ও সম্পদ আশা করে না। (খ). খিয়ানতকারী, যার খিয়ানত গোপন থাকে না, সামান্য বস্তু হলে তাতেও সে খিয়ানত করে। (গ). এমন ব্যক্তি যে সকাল-সন্ধ্যা তোমার পরিবার ও সম্পদে ধোকা প্রদানে লিপ্ত। (ঘ). তিনি কৃপণতা অথবা মিথ্যার উল্লেখ করেছেন। (ঙ). দুরাচারী অন্ধীল ব্যক্তি"। [মুসলিম] হাদিসটি সহিহ।

ফুটনোট

[1] যারা বিকৃতি করা ব্যতীত তাদের সঠিক দ্বীনে বহাল ছিল। এ সময়টা হচ্ছে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে প্রেরণ করার পূর্বে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলাম হাউস

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন